

নম্বর 202.105

নির্বাহী আদেশ

**আইনের সাময়িক স্বগিতাদেশ এবং সংশোধন অব্যাহত রাখা  
সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা**

**যেখানে,** 7 মার্চ 2020 তারিখে আমি সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

**যেখানে,** COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

**এখন, অতএব আমি, অ্যান্ড্রু এম. কুওমো,** নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সাহায্য করার জন্য যদি প্রয়োজন হয় তাহলে আরও ত্রিশ দিন নির্বাহী আদেশ 202 এবং তার সাথে নির্বাহী আদেশ 202-এর প্রতিটি উত্তরসূরিতে উল্লিখিত স্বগিতাদেশ এবং সংশোধনগুলি ত্রিশ দিনের জন্য 27 মে 2021 অবধি অব্যাহত রাখছি - যদি না তা অতিক্রম, সংশোধন, বা অন্যথায় সেগুলির মেয়াদ শেষ হয়ে গিয়ে থাকে।

**উপরন্তু,** 2021 এর আইনের অধ্যায় 71 এর অধীনে এই দুর্যোগের মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময়ে জারি করা কোনো নির্দেশ সংশোধন বা প্রসারিত করার কর্তৃত্বের বলে, সেই দুর্যোগ সামাল দিতে যদি তা প্রয়োজন হয়, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি 2021 এর আইনের অধ্যায় 71 এর সাথে সামঞ্জস্য রেখে সংশোধন এবং প্রসারিত করছি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 27 মে 2021 পর্যন্ত:

- নির্বাহী আদেশ 202.17-এ অন্তর্ভুক্ত নির্দেশিকা, যেমন বর্ধিত, যা দুই বছরের বেশি বয়সের যে কোনও ব্যক্তিকে একটি সর্বজনীন স্থানে থাকাকালীন মুখোশ বা কাপড়ের মুখের আবরণ দিয়ে তাদের নাক বা মুখ ঢাকা আবশ্যিক করে, তা এতদ্বারা কেবল মাত্র সেই পরিসর অবধি প্রসারিত এবং পরিবর্তিত করা হল এই মর্মে যে কোনও ব্যক্তি যিনি COVID-19 এর টিকার সিরিজ নেওয়া সম্পূর্ণ করেছেন তাকে আর বাইরে থাকাকালীন তাদের নাক বা মুখ ঢাকতে হবে না, যদি না তারা জনবহুল পরিবেশ এবং ভেন্যুতে থাকেন।

**উপরক্ত, নিম্নলিখিত নির্দেশিকাগুলি আর কার্যকর থাকবে না:**

- নির্বাহী আদেশ 202.91-এ অন্তর্ভুক্ত নির্দেশিকা, যেমন নির্বাহী আদেশ 202.97 এবং 202.99 দ্বারা পরিবর্তিত, যা কিছু টিকা প্রদানকারীর জন্য টিকাকরণের জন্য নিম্নলিখিত গ্রুপগুলিকে অগ্রাধিকার দেওয়া আবশ্যিক করে: (1) উপযুক্ত বয়সী ব্যক্তি; এবং (2) P-12 স্কুল (সরকারি বা বেসরকারি) শিক্ষক, বিকল্প শিক্ষক বা শিক্ষার্থী শিক্ষক; এবং (3) কোমরবিডিটি সম্পন্ন ব্যক্তিবর্গ।
- নির্বাহী আদেশ 202.86 এ উল্লিখিত নির্দেশিকা যা প্রদান করে যে কোন লাইসেন্সপ্রাপ্ত স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী যিনি কোন ব্যক্তিকে এই টিকা প্রদান করেন, যিনি অগ্রাধিকারযুক্ত গ্রুপের সদস্য হিসেবে প্রত্যয়িত নন অথবা যেখানে এই ধরনের সরবরাহকারী অন্যথায় জানেন যে সেই ব্যক্তি কোন অগ্রাধিকারযুক্ত দলের সদস্য নন, তাকে দেওয়ানি জরিমানা আরোপ করা হতে পারে প্রতি ডোজে এক মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত এবং/অথবা রাজ্যের জারি করা লাইসেন্সও প্রত্যাহার করা হবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সিল সহ  
অ্যালবেনি শহরে দুই হাজার একুশ সালের  
এপ্রিল মাসের সাতাশতম দিনে এটি প্রদান  
করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব